



নিয়োগ বিজ্ঞপ্তি

পূবালী ব্যাংক লিমিটেড টেকনিশিয়ান (এয়ার কুলার) পদে ০১ (এক) জন নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তপূরণ সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করছেঃ

পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন স্কেল
টেকনিশিয়ান (এয়ার কুলার)	০১ (এক) টি	১.এস.এস.সি. অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২.যে কোন টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউট/ সেন্টার থেকে ইলেক্ট্রিক্যাল/ রেফ্রিজারেশন এবং এয়ার কন্ডিশনিং-এ ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট পাস। ৩.সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ এয়ার কুলার অপারেশন, রক্ষণাবেক্ষণ এবং ত্রুটি নির্ণয় ও মেরামতের ধারণা থাকতে হবে।	৳ ১১,৭৫০-৭০০-এবং অন্যান্য প্রদেয় সুবিধাদি সহ সর্বসাকুল্যে মোট বেতন ২৯,২৫০/-।

- প্রার্থীকে বাংলাদেশের পুরুষ নাগরিক হতে হবে।
- বয়সঃ ৩০-০৬-২০২২ তারিখে অনূর্ধ্ব ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০১ (এক) বছর সন্তোষজনক চাকুরী করার পরে বিধি অনুযায়ী তাদের ব্যাংকের নিয়মিত চাকুরীতে স্থায়ী করা হবে।

আবেদনকারীর জীবন বৃত্তান্তে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবেঃ

(১) নাম (এস.এস.সি. অথবা সমমানের সনদপত্র অনুযায়ী), (২) পিতার নাম, (৩) মাতার নাম, (৪) বর্তমান ঠিকানা, (৫) স্থায়ী ঠিকানা, (৬) নিজ জেলা, (৭) জন্ম তারিখ, (৮) বয়স (৩০-০৬-২০২২ তারিখে), (৯) জাতীয় পরিচয়পত্র নম্বর, (১০) মোবাইল ফোন নম্বর, (১১) শিক্ষাগত যোগ্যতার বিবরণ, (১২) ইলেক্ট্রিক্যাল/ রেফ্রিজারেশন এবং এয়ার কন্ডিশনিং ট্রেডে প্রশিক্ষণের বিবরণ, (১৩) টেকনিশিয়ান (এয়ার কুলার) পদে কাজের অভিজ্ঞতার বিবরণ, (১৪) অন্যান্য যোগ্যতা এবং অভিজ্ঞতা (যদি থাকে), (১৫) প্রার্থীর আত্মীয় নয় এমন ০২ (দুই) জন সম্মানিত পরিচিত ব্যক্তির নাম ও ঠিকানা।

আগ্রহী প্রার্থীগণকে জীবন বৃত্তান্ত, সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতার সনদপত্রসমূহের সত্যায়িত কপিসহ আবেদন করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

আবেদনপত্র মহাব্যবস্থাপক, পূবালী ব্যাংক লিমিটেড, মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবর ২১ আগস্ট ২০২২ তারিখের মধ্যে পৌছাতে হবে।

- আবেদনপত্রের খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের নির্বাচনের জন্য ডাকা হবে।
- লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টি.এ/ডি.এ সুবিধা প্রদান করা হবে না।
- আবেদনপত্রে যেকোন ধরনের ভুল তথ্য প্রদান করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

